অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিকল্পনা কমিশন
কার্যক্রম বিভাগ
শের-ই-বাংলা নগর, ঢাকা

নং- ২০.০৬.০০০০.০০০.৬১৮.২০.০০৩০.২৬-১৩৮

তারিখঃ ১৬ কার্তিক ১৪৩৩ / ০১ নভেম্বর ২০২৬

বিষয়ঃ ২০২৬-২৭ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়নের নীতিমালা।

বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনার একটি প্রধান হাতিয়ার। সরকারের উন্নয়ন পরিকল্পনা ও জাতীয় অগ্রাধিকার বাস্তবায়ন এবং আর্থ-সামাজিক লক্ষ্যমাত্রা অর্জনে এডিপি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এর মাধ্যমে অন্তর্ভুক্তিমূলক, বৈষম্যহীন ও জনকল্যাণমুখী উন্নয়ন নিশ্চিত হয় এবং দেশের সার্বিক আর্থ-সামাজিক অগ্রগতি আরও গতিশীল হয়। অর্থবছরের মাঝামাঝি সময়ে চলমান প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি, সরকারের উন্নয়ন অগ্রাধিকার, সম্পদের প্রাপ্যতা এবং তার যথাযথ ব্যবহারের সুযোগ বিবেচনায় নিয়ে এডিপি সংশোধন করে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়ন করা হয়। আরএডিপিতে প্রতিটি প্রকল্পের বাস্তবায়ন সক্ষমতা পর্যালোচনা করে অর্থবছরের অবশিষ্ট সময়ের বরাদ্দ পুনর্নির্ধারণ করা হয়, যাতে সরকারি অর্থের কার্যকর ব্যবহার নিশ্চিত হয়।

১.২ একটি টেকসই ও জনবান্ধব অর্থনীতি গড়ে তোলা বর্তমান সরকারের অন্যতম প্রধান লক্ষ্য। টেকসই ও অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের জন্য নির্বাচনী ইশতেহারের আলোকে রাষ্ট্র সংস্কার, বৈষম্যহীন সামাজিক-অর্থনৈতিক উন্নয়ন ও টেকসই রাষ্ট্রীয় সক্ষমতা, ভঙ্গুর অর্থনীতির পুনর্গঠন ও পুনরুদ্ধার, আঞ্চলিক ভারসাম্যপূর্ণ উন্নয়ন, ধর্মীয় সম্প্রীতি, সংস্কৃতি, ক্রীড়া এবং সামাজিক সংহতি শীর্ষক পাঁচটি অগ্রাধিকারের ভিত্তিতে Five Year Strategic Framework প্রণয়ন করা হয়েছে। এছাড়াও, ২০২৬-২৭ অর্থবছরের এডিপিভুক্ত চলমান প্রকল্পসমূহকে Rescoping ও Repurposing-এর মাধ্যমে ইশতেহার ও উন্নয়ন পরিকল্পনার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ করা হচ্ছে এবং একই সঙ্গে প্রকল্পসমূহকে যৌক্তিক সংখ্যক কর্মসূচিতে বিভক্ত করে সংশ্লিষ্ট কর্মসূচির আওতায় গুচ্ছাকারে সাজিয়ে 'প্রোগ্রাম্যাটিক এপ্রোচ'-এ প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

১.৩ এসব বিষয় বিবেচনায় রেখে প্রতি বছরের ন্যায় ২০২৬-২৭ অর্থবছরেও আরএডিপি প্রণয়নের উদ্যোগ নেওয়া হয়েছে। এর উদ্দেশ্য হলো বিদ্যমান সম্পদের সুষম বণ্টনের মাধ্যমে চলমান প্রকল্পসমূহের চাহিদা ও বরাদ্দের মধ্যে সমন্বয় সাধন করা। এ প্রক্রিয়ায় এডিপিভুক্ত প্রকল্পের বরাদ্দ সংশোধন করা হবে এবং নতুন অনুমোদিত প্রকল্পে বরাদ্দ দেওয়া হবে। সকল প্রকল্পের বরাদ্দ চাহিদা প্রকল্প দপ্তর, বাস্তবায়নকারী সংস্থা, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগের মাধ্যমে সংগ্রহ, যাচাই-বাছাই ও প্রয়োজনীয় সমন্বয় করে একটি সুসংগঠিত সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়নের লক্ষ্যে এ নীতিমালা প্রণয়ন করা হলো। এ নীতিমালা অনুসরণ করে আরএডিপি'র জন্য প্রকল্পসমূহের বরাদ্দ চাহিদা পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।

২। আরএডিপি প্রণয়নের প্রক্রিয়া:

২.১ প্রকল্প পরিচালকগণ আরএডিপি'র জন্য প্রকল্পের অনুকূলে চাহিদা প্রস্তাব সংস্থা বরাবর প্রেরণ করবে। প্রকল্পের প্রাক্কলিত ব্যয়, ক্রমপুঞ্জিভূত ব্যয় এবং বাস্তবতার নিরিখে প্রণীত কর্মপরিকল্পনা ও ব্যয় পরিকল্পনা অনুসারে অনুসারে চলতি অর্থবছরের অবশিষ্ট সময়ে সম্ভাব্য ব্যয় বিবেচনায় যুক্তিসঙ্গতভাবে আরএডিপি'তে অর্থ বরাদ্দের চাহিদা প্রস্তাব প্রেরণ করতে হবে;

২.২ প্রকল্প পরিচালক হতে প্রাপ্ত বরাদ্দ চাহিদার যৌক্তিকতা, কর্মপরিকল্পনা ও ব্যয় পরিকল্পনা অনুসারে পরীক্ষা-নিরীক্ষাপূর্বক (প্রয়োজনে পরিবর্তন/সংশোধন করে) বাস্তবায়নকারী সংস্থা প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করবে। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ বাস্তবায়নকারী সংস্থা থেকে প্রাপ্ত প্রকল্পসমূহকে প্রথমে যৌক্তিক সংখ্যক কর্মসূচিতে (Program) বিভক্ত করবে। অতঃপর সংশ্লিষ্ট কর্মসূচির আওতায় প্রকল্পসমূহকে গুচ্ছাকারে সাজিয়ে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগে প্রেরণ করবে। উল্লেখ্য,এ উদ্দেশ্যে প্রকল্পের ধরণ অনুযায়ী অননুমোদিত নতুন প্রকল্পের জন্য ইতোমধ্যে প্রণীত কর্মসূচিসমূহে চলমান প্রকল্প অন্তর্ভুক্ত করা যাবে। সেক্টর বিভাগসমূহ প্রাপ্ত প্রকল্পভিত্তিক চাহিদা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। এক্ষেত্রে প্রতিটি স্তরে বরাদ্দ প্রস্তাব যাচাই-বাছাইয়ের ক্ষেত্রে Five Year Strategic Framework এর আলোকে অগ্রাধিকার নির্ধারণ করতে হবে।

২.৩ প্রধানমন্ত্রীর কার্যালয়, স্থানীয় সরকার বিভাগ এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন 'উন্নয়ন সহায়তা' খাতের চাহিদা সরাসরি কার্যক্রম বিভাগে প্রেরণ করবে।

২.৪ অর্থ বিভাগ ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সাথে আলোচনাক্রমে আরএডিপি এর আকার নির্ধারিত হয়। আরএডিপি'র মোট আকার চূড়ান্ত হওয়ার পর কার্যক্রম বিভাগ সরকারের উন্নয়ন অগ্রাধিকার, মন্ত্রণালয়/বিভাগের বাস্তবায়ন সক্ষমতা ও চাহিদা বিবেচনায় নিয়ে অর্থনৈতিক সেক্টরের আওতায় মন্ত্রণালয়/বিভাগভিত্তিক বরাদ্দ প্রদান করবে। উক্ত বরাদ্দ পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহ এবং মন্ত্রণালয়/বিভাগসমূহকে অবহিত করা হবে। এছাড়া, উন্নয়ন সহায়তা খাতসমূহের অনুকূলে বরাদ্দ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে অবহিত করবে।

২.৫ মন্ত্রণালয়/বিভাগসমূহ পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগের সাথে পরামর্শক্রমে তার মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাভিত্তিক বরাদ্দ চূড়ান্ত করবে।

২.৬ সংস্থাসমূহ প্রাপ্ত বরাদ্দ চলমান প্রকল্পসমূহের অনুকূলে বিভাজন করবে এবং প্রকল্পের জন্যে নির্ধারিত মোট বরাদ্দ প্রকল্প পরিচালকগণকে অবহিত করবে। প্রকল্প পরিচালকগণ রাজস্ব ও মূলধন খাতে বিভাজন এবং অর্থনৈতিক কোডে সমন্বয় করে সংস্থা বরাবর প্রেরণ করবে।

২.৭ সংস্থাসমূহ প্রকল্প দপ্তর হতে প্রাপ্ত সমন্বয় প্রস্তাব মন্ত্রণালয়/বিভাগে, মন্ত্রণালয়/ বিভাগ পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগে এবং পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগ কার্যক্রম বিভাগে পরীক্ষা-নিরীক্ষাপূর্বক প্রেরণ করবে। বরাদ্দ সংশোধনের প্রয়োজন হলে কার্যক্রম বিভাগ সংশ্লিষ্ট সেক্টর বিভাগ এবং মন্ত্রণালয়/বিভাগের সাথে আলোচনা করে বরাদ্দ সংশোধন করতে পারবে।

২.৮ কার্যক্রম বিভাগ কর্তৃক প্রকল্পভিত্তিক বরাদ্দ, উন্নয়ন সহায়তা বাবদ বরাদ্দ, ১১ অক্টোবর ২০২৬ তারিখে ২০.০৬.০০০০.০০০.৬১৮.২০.০০৩০-১১৭ নং স্মারকমূলে জারিকৃত নীতিমালার আলোকে প্রণীত অননুমোদিত নতুন প্রকল্পের তালিকা এবং আনুষঙ্গিক তথ্যাদি সংকলন করে খসড়া আরএডিপি প্রণয়ন করা হবে। প্রস্তুতকৃত খসড়া আরএডিপি বাংলাদেশ পরিকল্পনা কমিশনের বর্ধিত সভার সুপারিশক্রমে জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) এর সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) এর সভায় অনুমোদনের পর আরএডিপি চূড়ান্ত করা হবে।

২.৯ সকল প্রস্তাব আবশ্যিকভাবে নির্ধারিত সময়ে ADP/RADP Management System-AMS (https://adp.plancomm.gov.bd) এর মাধ্যমে প্রেরণ করতে হবে। এনইসি-তে চূড়ান্তকৃত এডিপি এর সকল তথ্য স্বয়ংক্রিয়ভাবে AMS থেকে iBAS++ এ প্রেরণ করা হবে।

৩। চলমান প্রকল্পে চাহিদা প্রস্তাব প্রেরণে অনুসরণীয় নির্দেশনাবলি:

৩.১ আরএডিপি প্রণয়ন নীতিমালায় (অনুচ্ছেদ-৬) বর্ণিত সময়সীমা অনুসরণপূর্বক প্রতিটি পর্যায় থেকে পরবর্তী পর্যায়ে (প্রকল্প পরিচালকের দপ্তর থেকে বাস্তবায়নকারী সংস্থায়, বাস্তবায়নকারী সংস্থা থেকে মন্ত্রণালয়/বিভাগে, মন্ত্রণালয়/বিভাগ থেকে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগে এবং সেক্টর বিভাগ থেকে কার্যক্রম বিভাগে) প্রকল্পভিত্তিক অর্থ বরাদ্দের জন্য চাহিদা প্রস্তাব করতে হবে। উল্লেখ্য, **নীতিমালা জারির পর AMS এ চাহিদা আপলোডের কার্যক্রম শুরু হবে। নীতিমালায় বর্ণিত সময় অতিক্রান্ত হলে চাহিদা প্রেরণের সুযোগ স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে বিধায় নির্ধারিত সময়ের মধ্যে AMS এর মাধ্যমে চাহিদা প্রেরণ নিশ্চিত করতে হবে;**

৩.২ বৈদেশিক ঋণ/অনুদানে বাস্তবায়নাধীন প্রকল্প, কর্মসংস্থান সৃষ্টি ও অর্থনৈতিক গণতন্ত্রায়ন, সরকারি বিনিয়োগের ওপর রিটার্ন বৃদ্ধি, বিনিয়োগের যথাযথ মূল্য নিশ্চিতকরণ এবং সৃষ্টিশীল শিল্পকে সহায়তা প্রদান, দারিদ্র্য হ্রাস ও সামাজিক সুরক্ষা, কৃষি ও খাদ্য নিরাপত্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং চতুর্থ শিল্প বিপ্লব সংক্রান্ত উন্নয়ন, নবায়নযোগ্য জ্বালানীর ব্যবহার বৃদ্ধি, মানবসম্পদ উন্নয়ন, নদী ভাঙ্গন ও জলাবদ্ধতা রোধ, খাল খনন, জিডিপি ও অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি অর্জন, নারীর ক্ষমতায়ন, জলবায়ু পরিবর্তন মোকাবিলা, সুশাসন প্রতিষ্ঠা, প্রাতিষ্ঠানিক সংস্কার এবং সুনীল অর্থনীতি সংশ্লিষ্ট প্রকল্প সহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন প্রকল্পসমূহের অগ্রাধিকার বিবেচনায় রেখে আরএডিপি'তে অর্থ বরাদ্দের চাহিদা প্রস্তাব করতে হবে।

৩.৩ অর্থনৈতিক কোড ভিত্তিক চাহিদা প্রস্তাবের ক্ষেত্রে হাজার টাকায় প্রস্তাব করা যাবে। তবে, মোট বরাদ্দ চাহিদা লক্ষ টাকায় প্রস্তাব করতে হবে;

৩.৪ চাহিদা প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে ইতোমধ্যে ব্যয়কৃত অর্থের তুলনায় কম প্রস্তাব করা যাবেনা এবং প্রস্তাবিত চাহিদার চেয়ে বেশি অর্থ ছাড়/ব্যয় করা যাবে না;

৩.৫ প্রকল্পের ছাড়কৃত বরাদ্দ অব্যবহৃত থাকার কারণে চালানের মাধ্যমে ফেরত প্রদান করা হলে এ সংক্রান্ত তথ্য আইবাসে এন্ট্রির মাধ্যমে ব্যয়ের যথাযথ হিসাব নিশ্চিত করতে হবে। অন্যথায় প্রকৃত ব্যয় বেশি দেখানোর ফলে প্রাপ্যতা কমে যায় এবং চাহিদা প্রদানের জটিলতা সৃষ্টি হয়;

৩.৬ ইতোমধ্যে চলতি অর্থবছরে অতিরিক্ত বরাদ্দ প্রদান কিংবা উপযোজনের মাধ্যমে চলমান কোন প্রকল্পের বরাদ্দ সংশোধন করা হলে প্রকল্পের সংশোধিত বরাদ্দ প্রস্তাবে তা যথাযথভাবে প্রতিফলন করতে হবে;

৩.৭ এডিপিভুক্ত সকল প্রকল্প আবশ্যিকভাবে আরএডিপি'তে অন্তর্ভুক্ত করতে হবে। এক্ষেত্রে, এডিপিভুক্ত কোন প্রকল্প ২০২৫-২৬ অর্থবছরে যে কোন সময়ে সমাপ্ত হলে এ অর্থবছরে প্রকল্পের প্রকৃত ব্যয় চাহিদা হিসেবে উল্লেখ করতে হবে।

৩.৮ চাহিদা প্রস্তাবের ক্ষেত্রে অর্থনৈতিক কোড ভিত্তিক চাহিদা যৌক্তিকভাবে নির্ধারণ করতে হবে। এক্ষেত্রে, সর্বশেষ অনুমোদিত ডিপিপি/আরডিপিপি'তে কোডভিত্তিক সংস্থানের অতিরিক্ত এবং ডিপিপি বহির্ভূত কোডে বরাদ্দ প্রস্তাব করা যাবেনা।

৩.০৯ সংস্থার স্ব-অর্থায়নকৃত অর্থের বরাদ্দ (যদি থাকে) সঠিকভাবে প্রতিফলন করতে হবে;

৩.১০ সংস্থার সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন যে সকল প্রকল্প এখনও এডিপি'তে অন্তর্ভুক্ত নেই, সে সকল প্রকল্প আবশ্যিকভাবে আরএডিপি'তে বরাদ্দসহ অন্তর্ভুক্তির প্রস্তাব করতে হবে;

৩.১১ বৈদেশিক অর্থায়নপুষ্ট প্রকল্পে চাহিদা প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী দেশ/সংস্থার সাথে স্বাক্ষরিত চুক্তির মেয়াদ বিবেচনা করতে হবে। প্রকল্প ঋণ/অনুদান (ডিপিএল/ডিপিজি; আরপিএল/আরপিজি) ও DRGA-CF এর চাহিদা প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক সুপারিশকৃত বরাদ্দই (প্রকল্পের প্রাপ্যতা বিবেচনায়) চূড়ান্ত বলে গণ্য হবে। জাপান ঋণ মওকুফ অনুদান প্রতিরূপ তহবিল (DRGA-CF) স্থানীয় মুদ্রা হিসেবে বিবেচিত হবে;

৩.১২ বৈদেশিক ঋণ/অনুদান ব্যবহারের নিমিত্ত প্রয়োজনীয় জিওবি পরিপূরক বরাদ্দ (ম্যাচিং ফান্ড) নিশ্চিত করতে হবে;

৩.১৩ প্রকল্পের জিওবি অংশে নগদ বৈদেশিক মুদ্রার প্রয়োজন হলে আবশ্যিকভাবে বৈদেশিক মুদ্রার ঘরে প্রস্তাব করতে হবে। বৈদেশিক অর্থায়নের যাবতীয় হিসাব ইআরডি হতে প্রাপ্ত সর্বশেষ বিনিময় হারে করতে হবে;

৩.১৪ চলতি অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্প আবশ্যিকভাবে চিহ্নিত করে এ সকল প্রকল্পে প্রয়োজনীয় অর্থের চাহিদা নিশ্চিত করতে হবে। প্রয়োজনে চলমান ধীর গতিসম্পন্ন প্রকল্প অথবা অন্য কোন প্রকল্পের চাহিদা হ্রাস করে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্প সমাপ্ত করার জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান নিশ্চিত করতে হবে।

৩.১৫ প্রকল্পভিত্তিক চাহিদা প্রস্তাবের ক্ষেত্রে ২০২৬-২৭ অর্থবছরের আরএডিপি'তে বরাদ্দের পাশাপাশি ২০২৭-২৮ এবং ২০২৮-২৯ অর্থবছরের বরাদ্দের প্রক্ষেপণ AMS এ অন্তর্ভুক্ত করতে হবে; এবং

৩.১৬ যে সকল সেক্টরের Multi-Year Public Investment Programme (MYPIP) প্রণীত হয়েছে সে সকল সেক্টরের আওতাভুক্ত প্রকল্পের চাহিদা ও প্রক্ষেপণ তৈরিতে MYPIP ব্যবহার করতে হবে। উল্লেখ্য (১) শিল্প ও অর্থনৈতিক সেবা (২) কৃষি (৩) বিদ্যুৎ ও জ্বালানি (৪) পরিবহণ ও যোগাযোগ (৫) স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন (৬) পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও পানি সম্পদ (৭) গৃহায়ণ ও কমিউনিটি সুবিধাবলী এবং (৮) স্বাস্থ্য সেক্টরের MYPIP ইতোমধ্যে প্রণীত হয়েছে।

০৪। সরকারি বেসরকারি অংশীদারিত্ব (PPP) বিষয়ক প্রকল্প:

সরকারি বেসরকারি অংশীদারিত্বে (PPP) বাস্তবায়নাধীন এবং ২০২৬-২৭ অর্থবছরে প্রস্তাবিত নতুন প্রকল্প তালিকা আরএডিপিতে সংযুক্ত করার নিমিত্ত প্রয়োজনীয় তথ্য ছক 'ক' অনুসারে প্রচলিত নিয়মে Public Private Partnership Authority (PPPA) কর্তৃক কার্যক্রম বিভাগে প্রেরণ করতে হবে (নিকস ফন্টে হার্ড ও সফট কপি)।

০৫। জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড বিষয়ক প্রকল্প:

'জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের' আওতায় গৃহীত প্রকল্পসমূহ সরকারি বিনিয়োগের অংশ হিসেবে আরএডিপিতে প্রতিফলনের নিমিত্ত প্রয়োজনীয় তথ্য ছক 'খ' অনুসারে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক কার্যক্রম বিভাগে প্রেরণ করতে হবে (নিকস ফন্টে হার্ড ও সফট কপি)।

০৬। ২০২৬-২৭ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়নের লক্ষ্যে অনুসৃতব্য সময়সূচি:

২০২৬-২৭ অর্থবছরের আরএডিপি নীতিমালা জারির পর হতে AMS এর মাধ্যমে আরএডিপি প্রক্রিয়াকরণের যাবতীয় কার্যক্রম শুরু হবে এবং নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তারিখে সংশ্লিষ্ট পর্যায়ে কার্যক্রম আবশ্যিকভাবে সমাপ্ত করতে হবেঃ

ক্র. নং	বিবরণ	AMS এ তথ্য প্রেরণের সর্বশেষ তারিখ
১.	প্রকল্প পরিচালকের দপ্তর কর্তৃক অর্থনৈতিক কোড ভিত্তিক চাহিদা AMS এ এন্ট্রিপূর্বক স্ব-স্ব বাস্তবায়নকারী সংস্থা বরাবর প্রেরণ	০৮/১১/২০২৬
২.	প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক কোড ভিত্তিক প্রকল্পের চাহিদা যাচাই-বাছাই করে প্রয়োজনীয় সংশোধনপূর্বক AMS এর মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ	১৫/১১/২০২৬
৩.	মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকল্পের কোড ভিত্তিক চাহিদা উন্নয়ন অগ্রাধিকার ও লক্ষ্যমাত্রার নিরিখে যাচাই-বাছাই করে প্রয়োজনীয় সংশোধনপূর্বক AMS এর মাধ্যমে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগে প্রেরণ	২২/১১/২০২৬
৪.	পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগ কর্তৃক কোড ভিত্তিক চাহিদা পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধন করে AMS এর মাধ্যমে কার্যক্রম বিভাগে প্রেরণ	২৯/১১/২০২৬

০৭। উপর্যুক্ত নির্দেশনা এবং বর্ণিত সময়সূচি অনুযায়ী ২০২৬-২৭ অর্থবছরের আরএডিপি প্রণয়নের নিমিত্ত চলমান প্রকল্পের বরাদ্দ চাহিদা নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-
(এস এম শাকিল আখতার)
সদস্য (সচিব)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১০. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন, ঢাকা।
১১. সচিব, নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
১৫. সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহণ পুল, বাংলাদেশ সচিবালয় লিংক রোড, ঢাকা।
১৭. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১৮. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
২১. সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪. সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫. সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেল ভবন, আবদুল গণি রোড, ঢাকা।
২৬. সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৮. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৯. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৩. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৪. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৫. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৩৬. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৭. সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা।
৩৮. সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩৯. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০. সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, মহাখালী, ঢাকা।
৪১. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪২. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৩. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৪. পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৪৫. সচিব, জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৪৬. সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা।
৪৭. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৮. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪৯. সচিব, নৌ-পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫০. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫১. সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫২. সচিব, মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৩. সচিব, সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৫৪. সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৫. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৬. সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৭. সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৮. সচিব (ভারপ্রাপ্ত), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং- ২০.০৬.০০০০.০০০.৬১৮.২০.০০৩০.২৬-১৩৮/১

তারিখঃ ১৬ কার্তিক ১৪৩৩ / ০১ নভেম্বর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. সদস্য (সিনিয়র সচিব), আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সদস্য (সচিব), ভৌত অবকাঠামো বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. সদস্য (সচিব), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. সদস্য (সচিব), শিল্প ও শক্তি বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. সদস্য (সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. প্রধান (সকল), বাংলাদেশ পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব/যুগ্ম-প্রধান (সকল), বাংলাদেশ পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৮. পরিকল্পনা মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৯. পরিকল্পনা প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১০. সদস্য (সচিব) এর একান্ত সচিব, কার্যক্রম বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন, ঢাকা।
১১. প্রধানের ব্যক্তিগত কর্মকর্তা, কার্যক্রম বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন, ঢাকা।
১২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ, ঢাকা (নীতিমালাটি পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

(এ, কে, এম, আব্দুল্লাহ ফারুক)
উপপ্রধান

ছক-ক

২০২৬-২৭ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে Public Private Partnership (PPP) প্রকল্প অন্তর্ভুক্তির প্রস্তাব

সেক্টরঃ

উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগঃ

বাস্তবায়নকারী সংস্থাঃ

(লক্ষ টাকায়)

ক্রম	প্রকল্পের নাম ও বাস্তবায়নকাল	প্রাক্কলিত ব্যয়	বাস্তবায়ন পর্যায়	অনুমোদন পর্যায়
১	২	৩	৪	৫

বিঃদ্রঃ নতুন প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের বাংলা নাম ও ইংরেজী নাম উল্লেখ করতে হবে।

ছক-খ

জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় গৃহীত/বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের তথ্য:

সেক্টরঃ

উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগঃ

বাস্তবায়নকারী সংস্থাঃ

(লক্ষ টাকায়)

ক্রম	প্রকল্পের নাম ও বাস্তবায়নকাল	প্রাক্কলিত ব্যয়	প্রকল্প এলাকা	জলবায়ু পরিবর্তন থিমেটিক এরিয়া
১	২	৩	৪	৫